

## 💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ বিতর ছালাত রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(২) তিন রাক'আত বিতর পড়ার সময় দুই রাক'আতের পর তাশাহ্ছদ পড়া

তিন রাক'আত বিতর একটানা পড়তে হবে। মাঝখানে কোন বৈঠক করা যাবে না। এটাই সুন্নাত। কিন্তু অধিকাংশ মুছল্লী মাঝখানে বৈঠক করে ও তাশাহ্ছদ পড়ে। মুহিউদ্ধীন খান লিখেছেন, 'প্রথম বৈঠকে কেবল আত্তাহিয়্যাতু পড়ে দাঁড়িয়ে যাবে। দুরূদ পড়বে না এবং সালাম ফিরাবে না। যেমন মাগরিবের নামাযে করা হয়, তেমনি করবে'।[1] অথচ উক্ত আমলের পক্ষে কোন ছহীহ দলীল নেই।

(أ) عَنِ ابْنِ مَسْعُوْدِ قَالَ الْوِتْرُ تَلاثُ رَكَعَاتٍ كَصَلاةِ الْمَغْرِبِ.

(ক) ইবনু মাসঊদ (রাঃ) বলেন, মাগরিবের ছালাতের ন্যায় বিতরের ছালাত তিন রাক'আত।[2] তাহকীক : ইবনুল জাওয়ী বলেন, এই হাদীছ ছহীহ নয়।[3]

(ب) عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ كَانَ يَقُوْلُ صَلَاةُ الْمَغْرِبِ وِتْرُ صَلَاةِ النَّهَارِ

(খ) আব্দুল্লাহ ইবনু ওমর (রা) বলেন, মাগরিবের ছালাত দিনের বিতর ছালাত।[4]

তাহকীক : অনেকে উক্ত বর্ণনা উল্লেখ করে বিতর ছালাত মাগরিব ছালাতের ন্যায় প্রমাণ করতে চান। অথচ তা ক্রিটিপূর্ণ। বর্ণনাটি কখনো মারফু পূত্রে এসেছে, কখনো মাওকৃফ সূত্রে এসেছে। তবে এর সনদ যঈফ। মুহাদ্দিছ শুতাইব আরনাউত বলেন, ঐ অংশটুকু ছহীহ নয়।[5]

(ج) عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُوْدِ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ وِتْرُ اللَّيْلِ ثَلاَثٌ كَوِتْرِ النَّهَارِ صَلاَةِ الْمَغْرِبِ.

(গ) ইবনু মাসঊদ (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) বলেছেন, রাত্রির তিন রাক'আত বিতর দিনের বিতরের ন্যায়। যেমন মাগরিবের ছালাত।[6]

তাহকীক: ইমাম দারাকুৎনী হাদীছটি বর্ণনা করে বলেন, ইয়াহইয়া ইবনু যাকারিয়া যাকে ইবনু আবীল হাওয়াজিব বলে। সে যঈফ। সে আ'মাশ ছাড়া আর কারো নিকট থেকে মারফূ হাদীছ বর্ণনা করেনি।[7] ইমাম বায়হাকী বলেন, ইয়াহইয়া ইবনু যাকারিয়া ইবনু হাযিব কূফী আ'মাশ থেকে মারফূ সূত্রে বর্ণনা করেছে। কিন্তু সে যঈফ। তার বর্ণনা আ'মাশ থেকে বর্ণিত অন্যান্য বর্ণনার বিরোধিতা করে।[8] এছাড়াও ইমাম দারাকুৎনী উক্ত বর্ণনার পূর্বে তার বিরোধী ছহীহ হাদীছ উল্লেখ করেছেন। সেখানে মাগরিবের মত করে বিতর পড়তে নিষেধ করা হয়েছে। যেমন-

عَنْ أَبِى هُرَيْرَةَ عَنْ رَسُوْلِ اللهِ قَالَ لاَ تُوْتِرُوْا بِتَلاَثٍ أَوْتِرُوْا بِخَمْسٍ أَوْ سَبْعٍ وَلاَ تُشَبِّهُوْا بِصَلاَةِ الْمَغْرِبِ. আবু হুরায়রাহ (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) বলেছেন, তোমরা (মাগরিবের ছালাতের ন্যায়) তিন রাক'আত বিতর পড় না, পাঁচ, সাত রাক'আত পড়। আর মাগরিবের ছালাতের ন্যায় আদায় কর না'। ইমাম দারাকুৎনী উক্ত হাদীছকে ছহীহ বলেছেন।[9]



বিশেষ জ্ঞাতব্য: 'মাযহাব বিরোধীদের স্বরূপ সন্ধানে' ও 'নবীজীর নামায' শীর্ষক বইয়ে যঈফ হাদীছটি দ্বারা দলীল পেশ করা হয়েছে। কিন্তু ছহীহ হাদীছটি সম্পর্কে কোন কিছু বলা হয়নি। এটা দুঃখজনক।[10] ওবাইদুল্লাহ মুবারকপুরী (রহঃ) বলেন,

لَمْ أَجِدْ حَدِيْتاً مَرْفُوْعاً صَحِيْحاً صَرِيْحاً فِيْ إِثْبَاتِ الْجُلُوْسِ فِي الرَّكُعَةِ التَّانِيَةِ عِنْدَ الْإِيْتَارِ بِتَلاَثٍ وَ لَمُ أُجِدْ حَدِيْتاً مَرْفُوْعاً صَحَيْحاً فِيْ إِثْبَاتِ الْجُلُوْسِ فِي الرَّكُعَةِ التَّانِيَةِ عِنْدَ الْإِيْتَارِ بِتَلاَثٍ وَهُمُ اللهُ 'آمه ताक' आठ विতत विठी ताक' आठ देश कतात शक कतात शक कतात शक करी हैं।[11]

## ফুটনোট

- [1]. তালীমুস্-সালাত, পৃঃ ১৭১।
- [2]. ত্বাবারাণী, আল-মু'জামুল কাবীর হা/৯৩১১; মাজমাউল বাহরাইন হা/১০৮৭।
- [3]. \_حُدِيْثٌ لاَيُصِحُّا, পৃঃ 889।
- [4]. মালেক, মুওয়াত্ত্বা হা/২৫৪।
- [5]. তাহকীক মুসনাদে আহমাদ হা/৫৫৪৯ صحيح دون قوله " صلاة المغرب وتر صلاة النهار فأوتروا صلاة النهار فأوتروا صلاة النهار قودة النهار قادرواه عدة موقوفا
- [6]. দারাকুৎনী হা/১৬৭২; ত্বাবারাণী, আল-মু'জামুল কাবীর হা/৯৩০৯ ও ৯৩১০; বায়হাকী, আস-সুনানুল কুবরা ৩/৩১।
- [7]. عَنْ الْأَعْمَشِ مَرْفُوعًا غَيْرُهُ .[7] بَانُ أَبِي الْحَوَاجِبِ ضَعِيْفٌ. وَلَمْ يَرْوِهِ عَنِ الْأَعْمَشِ مَرْفُوعًا غَيْرُهُ .[7] দারাকুৎনী হা/১৬৭২; তানকীহ, পৃঃ ৪৪৭।
- وقد رفعه يحيى ابن زكريا بن ابي الحاجب الكوفي عن الاعمش وهو ضعيف وروايته تخالف رواية .[8] وقد رفعه يحيى ابن زكريا بن ابي الحاجب الكوفي عن الاعمش مام عن الاعمش الجماعة عن الاعمش الاعمش المامية عن الاعمش الاعمش المامية عن الاعمش المامية ا
- [9]. দারাকুৎনী ২/২৪ পৃঃ, সনদ ছহীহ تُقُتِرُوْا بِثَلَاثِ رَكَعَاتٍ تَشَبَّهُوْا بِالْمَغْرِبِ هِ٩٥/ হাঠ হাঁ كُلُّهُمْ ثِقَاتٌ كَلُّهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَاكُهُمْ ثِقَاتٌ كَالُهُمْ ثِقَاتٌ كَالْهُمْ ثِقَاتٌ كَالْهُمْ ثِقَاتٌ كَالْهُمْ ثِقَاتُ كَالْهُمْ ثِقَاتُ كَالْهُمْ ثِقَاتُ كَالْهُمْ ثِقَاتُ كَاللّهُ عَلَى اللّهُ عَلَى اللّ
- [10]. মাযহাব বিরোধীদের স্বরূপ সন্ধানে, পৃঃ ৩২৪; নবীজীর নামায, পৃঃ ২৪৯।



## [11]. মির'আতুল মাফাতীহ হা/১২৬২-এর আলোচনা দ্রঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1965

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন